

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৮৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ মজলিস ও বসার সাথীর নানা আদব-কায়দা

আরবী

وَعَنْ أَبِي بَرْزَةَ قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَلَيْ يَقُولُ بِأَخَرَةٍ إِذَا أَرَادَ أَنْ يَقُومَ مِنَ الْمَجْلِسِ سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ أَنتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيكَ فَقَالَ رَجُلٌ: يَا رَسُوْلَ اللهِ إِنَّكَ لَتَقُولُ قَوْلاً مَا كُنْتَ تَقُولُهُ فِيمَا مَضَى ؟ قَالَ ذَلِكَ كَفَّارَةٌ لِمَا يَكُونُ في رَسُوْلَ اللهِ إِنَّكَ لَتَقُولُ قَوْلاً مَا كُنْتَ تَقُولُهُ فِيمَا مَضَى ؟ قَالَ ذَلِكَ كَفَّارَةٌ لِمَا يَكُونُ في المَجْلِسِ رواه أَبُو داود ورواه الحاكم أَبُو عبد الله في " المستدرك " من رواية عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا وقال صحيح الإسناد

বাংলা

(৩২৮৭) আবূ বারযাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন সভা থেকে উঠে চলে যাবার ইচ্ছা করতেন, তখন শেষের বেলায় এই দু'আ পড়তেন ''সুবহা-নাকাল্লা-হুম্মা অবিহামদিকা, আশহাদু আল্লা ইলা-হা ইল্লা আন্তা, আন্তাগফিরুকা অআতূবু ইলাইক।'' অর্থাৎ, তোমার পবিত্রতা বর্ণনা করি হে আল্লাহ! তোমার প্রশংসার সাথে। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোন সত্য উপাস্য নেই। আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করছি এবং তোমার দিকে তওবা (প্রত্যাবর্তন) করছি।

একটি লোক নিবেদন করল, 'হে আল্লাহর রসূল! আপনি যে দু'আ পড়লেন অতীতে তো তা পড়তেন না।' তিনি বললেন, এই দু'আটি মজলিসে (সংঘটিত ভুল-ক্রটি)র কাফফারাস্থরূপ।

ফুটনোট

(আবু দাউদ ৪৮৬১, আবূ আব্দুল্লাহ হাকেম আয়েশা)রা) হতে তাঁর 'মুস্তাদরাক' নামক গ্রন্থে এই হাদীসটি বিশুদ্ধ সূত্রে বর্ণনা করেছেন। ১৮২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ বার্যা আল-আসলামী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন